



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
ড. কুদরাত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Fax : 880-2-8613022. website: www.bcsir.gov.bd



“জীবনের জন্য বিজ্ঞান”

সূত্র নং-৩৯.০২.০০০০.০৩০.৯৯.০৮৩.২০২৪/৮২২

তারিখঃ ১১.১০.২০২৬ খ্রি:

“নিলাম বিজ্ঞপ্তি”

বিসিএসআইআর এর ঢাকাস্থ “বিসিএসআইআর ধানমন্ডি ক্যাম্পাসের পুরাতন সচিবালয়ের উত্তর পাশের ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রি” করা হবে। উক্ত ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো ক্রয়ে আগ্রহী দরদাতাদেরকে প্রকাশ্যে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে। নিলামে অংশ গ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময়ে ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো সরেজমিনে দেখতে পারবেন। নিলামে অংশ গ্রহণের নিমিত্তে ২৫/১০/২০২৬ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে=২০০০/- (দুই হাজার) টাকা জমা দান পূর্বক টোকেন সংগ্রহ করতে হবে। বিসিএসআইআর সচিবালয় ভবনের নীচ তলায় সভাকক্ষে ২৬/১০/২০২৬ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো নিলাম বিক্রির নিমিত্ত সংশ্লিষ্ট “নিলাম কার্যক্রম মূল্যায়ন কমিটি”-এর উপস্থিতিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। টোকেন জমা প্রদান সাপেক্ষে কেবলমাত্র টোকেন সরবরাহকারীকে সভাকক্ষে প্রবেশের অনুমতি প্রদান করা হবে।

শর্তাবলীঃ

- ১। আগামী ২৬/১০/২০২৬ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বিসিএসআইআর সচিবালয় ভবনের নীচ তলায় সভাকক্ষে “নিলাম কার্যক্রম মূল্যায়ন কমিটি”-এর উপস্থিতিতে নিলাম ডাক অনুষ্ঠিত হইবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে অংশগ্রহণকারী ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের কপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স-এর কপি ও মালিকের জাতীয় পরিচয় পত্রের কপিসহ নির্ধারিত জামানতের টাকা ক্যাশিয়ার, পরিষদ সচিবালয়, ঢাকা-এর নিকট নগদে/ বিসিএসআইআর-এর অনুকূলে পে-অর্ডার আকারে জমা করতঃ টোকেন সংগ্রহ করিতে হইবে।
- ৩। জমা টোকেন প্রদর্শন ব্যতিত কোন ব্যক্তি / প্রতিষ্ঠান কোনক্রমেই নিলাম ডাকে অংশ গ্রহণ করিতে পারিবেন না।
- ৪। নিলাম অনুষ্ঠান সমাপ্তির পর কৃতকার্য প্রতিষ্ঠান (সর্বোচ্চ দরদাতা) সহ নিম্নক্রমানুযায়ী কম পক্ষে দুই প্রতিষ্ঠান-এর জামানতের টাকা ব্যতিত অন্যদের জামানতের টাকা “জমা টোকেন” ফেরত দেওয়া সাপেক্ষে ফেরত দেওয়া হইবে।
- ৫। কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্তের পর অবশিষ্ট ২য় সর্বোচ্চ দরদাতার জমাকৃত জামানতের টাকা জমা টোকেন ফেরত জমা সাপেক্ষে ফেরত দেওয়া হইবে। তবে ১ম সর্বোচ্চ দরদাতার জামানতের টাকা জমা থাকবে।
- ৬। কর্তৃপক্ষ কৃতকার্য দরদাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর/ কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) দিনের মধ্যে সম্পূর্ণ টাকা এবং সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (যদি প্রযোজ্য হয়) পৃথকভাবে সংযোজন করতঃ হিসাব শাখায় ক্যাশিয়ারের নিকট জমা করিয়া কর্তৃপক্ষের নিকট হইতে অকেজো ও ভাঙ্গা ইটগুলো নিজ দায়িত্বে সংগ্রহ করে মালামাল নেওয়ার অনুমতি গ্রহণ করিতে হইবে।
- ৭। জমাকৃত টাকার মূল রশীদ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা সাপেক্ষে নিলামকৃত মালামাল ক্যাম্পাসের বাহিরে নেওয়ার গেইট পাস সংগ্রহ করা যাইবে।
- ৮। গেইট পাস ব্যতিত নিলামকৃত মালামাল কোনক্রমেই গেটের বাহিরে নেওয়া যাইবে না।
- ৯। নিলামকৃত মালামাল ১৫ (পনেরো) দিনের মধ্যে অফিস এলাকা হইতে নিজ দায়িত্বে সরাইয়া নিতে হইবে।
- ১০। উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে পালনে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইয় যাইবে। ইহাতে কোন প্রকার আপত্তি আইনানুযায়ী গ্রাহ্য হইবে না।
- ১১। নিলামে কৃতকার্য দরদাতা সকল শর্ত পূরণ করে সম্পূর্ণ মালামাল ক্যাম্পাসের বাহিরে নিয়ে যাওয়ার পর জামানতের টাকা ফেরত দেওয়া হবে।
- ১২। নিলাম ডাকের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজ খরচে সরেজমিনে বিসিএসআইআর এর ঢাকাস্থ “বিসিএসআইআর ধানমন্ডি ক্যাম্পাসের পুরাতন সচিবালয়ের উত্তর পাশের ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রি”-এর মালামালগুলো পরিদর্শন পূর্বক মালামাল সম্পর্কে ধারণা জনাব তামিম রহমান, সহকারী প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা হতে জানা যাইবে। নিলাম ডাকের পর এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১৩। নিলামকৃত মালামাল সম্পূর্ণরূপে অফিস থেকে বের করে নিতে হবে।
- ১৪। নিলামকৃত মালামাল সমূহ অফিস চলাকালীন সময়ে জনাব তামিম রহমান, সহকারী প্রকৌশলী এবং বিসিএসআইআর-এর নিরাপত্তা কর্মকর্তার উপস্থিতিতে ধানমন্ডিস্থ অফিস ক্যাম্পাস হইতে বাহিরে নিতে হইবে।
- ১৫। নিলামকৃত মালামাল পরিষদ ক্যাম্পাসের বাহিরে নেওয়ার সময় পরিষদের কোন সম্পদ নষ্ট/ক্ষতি করলে তা নিজ দায়িত্বে ও খরচে সারাইয়া দিতে হইবে।
- ১৬। কর্তৃপক্ষ সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

11/10/2026
(মাহমুদুল হাসান তুহিন)
নির্বাহী প্রকৌশলী

অনুলিপিঃ সদয় কার্যার্থে।

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিখানা বিসিএসআইআর-এর ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। জনাব তামিম রহমান, সহকারী প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা (নিলামে অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠান-কে নিলাম যোগ্য বিসিএসআইআর এর ঢাকাস্থ “বিসিএসআইআর ধানমন্ডি ক্যাম্পাসের পুরাতন সচিবালয়ের উত্তর পাশের ভূপিকৃত অকেজো ও ভাঙ্গা ইটগুলো প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রি”-এর অকেজো ও ভাঙ্গা ইটগুলো দেখানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

- ১। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
- ২। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিষদ সচিবালয়, বিসিএসআইআর, ঢাকা।
- ৪। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।
- ৫। ক্যাশিয়ার, বিসিএসআইআর, ঢাকা।
- ৬। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন)/ সচিব, বিসিএসআইআর, ঢাকা।
- ৭। সকল নোটিশ বোর্ড/গেইট/ ক্যান্টিন গেইট, বিসিএসআইআর, ঢাকা।
- ৮। অফিস কপি।

(মাহমুদুল হাসান তুহিন)
নির্বাহী প্রকৌশলী